গুলশানে আওয়ামী লীগের মিছিলে ককটেল বিস্ফোরণ, গ্রেপ্তার ২

ছবি: সংগৃহীত

রাজধানীর গুলশানে ‘জয় বাংলা’ স্লোগান দিয়ে ঝটিকা মিছিল করেছে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা। মিছিলটি ছত্রভঙ্গ করতে গেলে দুটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। পরে পুলিশ দুজনকে গ্রেপ্তার করেছে।

শুক্রবার (১১ সেপ্টেম্বর) বেলা পৌনে ১২টার দিকে গুলশান-১-এর ভোলা মসজিদের সামনে থেকে মিছিল বের করার চেষ্টা করা হয়। পুলিশ এগিয়ে গেলে মিছিলকারীরা দুটি ককটেল বিস্ফোরণ ঘটান। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ দুই রাউন্ড রাবার বুলেট ছোড়ে।

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে কয়েকশ মানুষকে মিছিলে অংশ নিয়ে ‘জয় বাংলা’ স্লোগান দিতে দেখা যায়।

গুলশান থানার ওসি দাউদ হোসেন বলেন, ভোলা মসজিদের সামনে থেকে মিছিল বের করার চেষ্টা করা হয়েছিল। পুলিশ তাদের ছত্রভঙ্গ করতে গেলে মিছিলকারীরা দুটি ককটেল বিস্ফোরণ ঘটায়। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ দুই রাউন্ড রাবার বুলেট ছোড়ে।

তিনি জানান, ঘটনাস্থল থেকে দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। এ ছাড়া পাঁচটি ককটেল উদ্ধার করা হয়েছে।

LENS ASIA